

আকবরিয়া
স্বাদে অনন্য আকবরিয়া
বাটার বিস্কুট
হেল্প লাইন: ০২৭৮৯ ৩৩২২৩৩, ০২৭৮৯ ৩৩২২৬৬

প্রকাশনার ৪৩ বছর

দৈনিক

জনগণের আপনজন

করতোয়া

ঢাকা সংস্করণ

The Daily Karatoa

১২ পৃষ্ঠা মূল্য ৫ টাকা

minister SmartTV
বিস্কুট বিস্কুট উপলক্ষে
টিভি কিনে স্মার্ট টিভি
পেতে পারেন

LED TV		SMART TV	
M-24	১৭,৯০০	M-24	১৯০,৭০০
M-32	১৩,৬০০	M-32	১৩৭,৯০০

বিস্তারিত: ০২৯৭২ ৭০০ ৭০০ * এ অফারটি সীমিত সময়ের জন্য

www.ekaratoa.com * রেজিঃ রাজ ১৩ * ৪৩ তম বর্ষ * সংখ্যা ৩৩৪ * বগুড়া সোমবার ৭ শ্রাবণ ১৪২৬ * ১৮ জিলকদ ১৪৪০ হিজরি * ২২ জুলাই ২০১৯ * www.karatoa.com.bd



গতকাল বগুড়ার সারিয়াকান্দিতে বন্যার্তদের মাঝে ত্রাণ বিতরণ করেন আব্দুল মান্নান এমপি -করতোয়া

সরকার বন্যাদুর্গতদের জন্য পর্যাপ্ত ত্রাণ প্রদান করছে

আব্দুল মান্নান এমপি

সারিয়াকান্দি (বগুড়া) প্রতিনিধি : বগুড়া-১ আসনের সংসদ সদস্য আব্দুল মান্নান বলেছেন, সরকার বন্যা দুর্গত মানুষের জন্য পর্যাপ্ত ত্রাণের ব্যবস্থা করেছে। ত্রাণের কোন অভাব নেই। প্রশাসন ও দলের পক্ষ থেকে দুর্গত এলাকায় ত্রাণ বিতরণের কাজ জোরদার করা হয়েছে। যমুনা নদীর পানি দ্রুত নেমে যেতে শুরু করেছে। ফলে বন্যা পরিস্থিতির উন্নতি হয়েছে। পানি নেমে যাওয়ার সাথে সাথে দুর্গত মানুষ যাতে ঘরে ফিরতে পারে তার ব্যবস্থা গ্রহণ করা হবে। সেই সাথে কৃষি পুনর্বাসন কার্যক্রমও শুরু করা হবে। বন্যার্ত মানুষ যাতে দ্রুত তাদের ক্ষতি কাটিয়ে উঠতে পারে সরকারের পক্ষ থেকে তার জন্য সকল ব্যবস্থা করা হবে। তিনি গতকাল রোববার পল্লী উন্নয়ন একাডেমি, বগুড়ার বাস্তবায়নাবীন চর এলাকায় বসবাসরত দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের আওতায় উপজেলার কাজলা, হাটশেরপুর, পৌরসভা ও সদর ইউনিয়নে বন্যার্তদের মাঝে ত্রাণ বিতরণকালে এ কথাগুলো বলেন। এসময় অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন একাডেমির পরিচালক সমীর কুমার সরকার, উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহাদারা মান্নান, পল্লী উন্নয়ন একাডেমির উপ-পরিচালক মহিউদ্দিন আহমেদ, উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মতিউর রহমান মতি প্রমুখ।